

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 08-09-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রাজ্য সরকার স্বচ্ছতার সঙ্গে সর্বস্তরের জনগণের মান উন্নয়নে কাজ করে যাচ্ছে।
- (২) অঙ্গনওয়াড়ি কর্মীদের পুজা অনুদান ২১০ টাকা বাড়িয়ে ২৩১০ টাকা করা হয়েছে।
- (৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভারতকে আবারও বিশ্বব্যাপী ব্যবসা এবং জ্ঞানের কেন্দ্রবিন্দুতে পরিণত করার আহ্বান জানিয়েছেন।
- (৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই মাসের ১৭ তারিখে "সুস্থ নারী শক্ত পরিবার অভিযানের" সূচনা করবেন।

\*\*\*\*\*

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রাজ্য সরকার স্বচ্ছতার সঙ্গে সর্বস্তরের জনগণের মান উন্নয়নে কাজ করে যাচ্ছে। প্রধানমন্ত্রীর সবকা সাথ সবকা বিকাশ এই দিশাকে বাস্তবায়ন করাই সরকারের মূল লক্ষ্য। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। এই অনুষ্ঠানে তিনি সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরে ১৪টি প্রকল্পের উদ্বোধন ও পাঁচটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

মুখ্যমন্ত্রী বলেন রাজ্য সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছে প্রতিটি প্রত্যন্ত এলাকায় অঙ্গনওয়ারী কেন্দ্র গড়ে তোলা, মা ও শিশু সার্বিক উন্নয়ন, পরিকাঠামো উন্নয়ন, অঙ্গনওয়াড়ি কর্মী সহায়িকা নিয়োগ ও ভাতা বৃদ্ধি করা।

#####Byte-CM#####

অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিংকু রায় বলেছেন, অঙ্গনওয়াড়ি কর্মীদের পুজা অনুদান ২১০ টাকা বাড়িয়ে ২৩১০ টাকা করা হয়েছে। তাছাড়া, মোবাইল বিল বাবদ এককালীন ২ হাজার টাকা এবং অঙ্গনওয়াড়ি কর্মীদের শাড়ি বাবদ ১ হাজার টাকা দুর্গাপূজার আগেই তাদের একাউন্টে প্রদান করা হবে। ১৪টি উন্নয়ন প্রকল্প যার মধ্যে রয়েছে আগরতলা ডায়েটে ৫০ আসন বিশিষ্ট ছাত্রাবাস, ১০০ আসন বিশিষ্ট কর্মরত মহিলাদের হোস্টেল। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পাঁচজন প্রসূতি মায়ের হাতে পুষ্টি কিট ও দশজন অঙ্গনওয়াড়ি কর্মীর হাতে অ্যান্ড্রয়েড মোবাইল ফোন তুলে দেন।

\*\*\*\*\*

#### **Package Story-Ullas-NEP :**

উল্লাস-নব ভারত সাক্ষরতা কার্যক্রম নামে কেন্দ্রীয় অর্থানুকূল্যের ক্ল্যাগশিপ কর্মসূচি ২০২০-র জাতীয় শিক্ষা নীতির সঙ্গে যুক্ত। ১৫ বছর বা তার বেশি বয়সী, যারা প্রথমাত্মিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত, তাদের ক্ষমতায়নের ভাবনাতে পাঁচ দফা গুরুত্বের বিষয়কে সামনে আনা হয়েছিল। এর মধ্যে প্রাথমিক সাক্ষরতা এবং গণনা, বুনিয়েদী শিক্ষা, জটিল জীবন দক্ষতা, বৃত্তিমূলক শিক্ষা এবং শিক্ষা অব্যাহত রাখা। এভাবে এই কর্মসূচি সারা দেশে বয়স্ক শিক্ষার ক্ষেত্রে রীতিমতো বিপ্লবাত্মক পরিবর্তন এনে দিয়েছে। এনিয়ে আমাদের একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

#### **World Physiotherapy Day :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন বিশ্ব ফিজিওথেরাপি দিবস পালনের মূল লক্ষ্য হচ্ছে ব্যায়ামের মাধ্যমে মানুষের জীবনযাত্রার মান এবং গতিশীলতা উন্নত করার ক্ষেত্রে ফিজিওথেরাপিস্টদের গুরুত্বপূর্ণ ভূমিকার স্বীকৃতির প্রদান করা। আজ আগরতলার যক্ষা নিবারণী হল ঘরে বিশ্ব

ফিজিওথ্যাপি দিবস উপলক্ষ্যে আয়োজিত সভার অংশ নিয়ে তিনি একথা বলেন।

যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায় আজ বিশ্ব ফিজিওথেরাপি দিবস উপলক্ষে রাজধানীর আগরতলা ক্লাবে দ্য ইন্ডিয়ান এসোসিয়েশন অফ ফিজিওথেরাপির উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পদ্মশ্রী ডঃ দীপা কর্মকার, দ্য ইন্ডিয়ান এসোসিয়েশন অফ ফিজিওথেরাপিস্ট ত্রিপুরা শাখার মুখ্য উপদেষ্টা সুজিত রায় সহ অন্যান্যরা।

এদিকে আগরতলা ফিজিও ফোরামের উদ্যোগেও আজ আগরতলা যক্ষা নিবারণী হলে বিশ্ব ফিজিওথেরাপি দিবস উদযাপন করা হয়।

\*\*\*\*\*

### **Package Story-GST Reforms :**

এবছর স্বাধীনতা দিবসে লাল কেল্লার প্রাকার থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দীপাবলির মধ্যে পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কারের ঘোষণা করেছিলেন। গত তেসরা সেপ্টেম্বর জিএসটি কাউন্সিল কর্তৃক করের হার পরিবর্তনের ঘোষণা, আরও দক্ষ এবং নাগরিক-বান্ধব অর্থনীতি তৈরির জন্য প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গিকে বাস্তব করে তুলেছে। এনিয়ে একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভারতকে আবারও বিশ্বব্যাপী ব্যবসা এবং জ্ঞানের কেন্দ্রবিন্দুতে পরিণত করার জন্য আজ নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছেন। নতুনদিল্লিতে ইঞ্জিনিয়ারিং এক্সপোর্টস প্রমোশন কাউন্সিল, EEPC' র প্ল্যাটিনাম জয়ন্তী উদযাপন অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় রাষ্ট্রপতি একথা বলেন।

তিনি ভারতীয় অর্থনীতিকে আরও স্বনির্ভর এবং রপ্তানিতে উৎকর্ষ অর্জনের প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি বলেন, কোভিডের যুগে আত্মনির্ভর ভারতের যে ভিত্তি স্থাপিত হয়েছে, তা ধারাবাহিকভাবে সাফল্যের দিকে এগিয়ে যাচ্ছে।

#####Byte-President#####

\*\*\*\*\*

**Swasth Nari Sashakt Parivar Abhiyaan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই মাসের ১৭ তারিখে "সুস্থ নারী সশক্ত পরিবার অভিযানের" সূচনা করবেন। সামাজিক মাধ্যমে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা বলেছেন যে এই উদ্যোগের লক্ষ্য হল সারা দেশে মহিলা এবং শিশুদের জন্য স্বাস্থ্যসেবা জোরদার করা, উন্নততর প্রাপ্যতা, মানসম্পন্ন যত্ন এবং সচেতনতা নিশ্চিত করা। তিনি বলেন, দেশব্যাপী অভিযানের অংশ হিসাবে, আয়ুষ্সহান আরোগ্য মন্দির, কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র এবং অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলিতে ৭৫ হাজার স্বাস্থ্য শিবিরের আয়োজন করা

হবে। এই শিবিরগুলি সরকারের অন্তর্ভুক্তিমূলক স্বাস্থ্যসেবার দৃষ্টিভঙ্গি অনুযায়ী, নারী ও শিশুদের স্বাস্থ্যসেবার চাহিদা পূরণের জন্য বিশেষভাবে পরিকল্পিত প্রয়োজনীয় পরিষেবা প্রদান করবে। মন্ত্রী বলেন, পুষ্টি, স্বাস্থ্য সচেতনতা এবং সামগ্রিক সুস্থতা বৃদ্ধির জন্য সকল অঙ্গনওয়াড়িতে পোষণ মাস পালন করা হবে। তিনি বলেন, এই পদক্ষেপগুলির লক্ষ্য দেশজুড়ে সুস্থ পরিবার এবং ক্ষমতায়িত সম্প্রদায় গড়ে তোলা। তিনি সমস্ত বেসরকারি হাসপাতাল এবং স্বাস্থ্যসেবা অংশীদারদের এই জনভাগিদারি অভিযানের অবিচ্ছেদ্য অংশ হতে এগিয়ে আসার আহ্বান জানান।

\*\*\*\*\*

#### **VC Election :**

উপরাষ্ট্রপতি পদের জন্য আগামীকাল নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচনে এনডিএ মনোনীত প্রার্থী এবং মহারাষ্ট্রের রাজ্যপাল সিপি রাধাকৃষ্ণন এবং ইন্ডিয়া ব্লকের মনোনীত প্রার্থী, সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি বি সুদর্শন রেড্ডির মধ্যে প্রতিদ্বন্দ্বীতা হবে।

উপরাষ্ট্রপতি সংসদের উভয় কক্ষের সদস্যদের সমন্বয়ে গঠিত একটি নির্বাচনী কলেজ দ্বারা নির্বাচিত হন।

বর্তমানে লোকসভার ৫৪২ জন সদস্য এবং রাজ্যসভার ২৩৯ জন সদস্য রয়েছেন। এবার উপরাষ্ট্রপতি নির্বাচনের জন্য ভোটের সংখ্যা ৭৮১ এবং সংখ্যাগরিষ্ঠতার সংখ্যা ৩৯১। উল্লেখ্য, স্বাস্থ্যগত কারণে গত জুলাই মাসে জগদীপ ধনখড় পদত্যাগ করায় এই নির্বাচন হচ্ছে।

\*\*\*\*\*

#### **Piyush Goyal, EEPC :**

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল বলেছেন যে ব্যবসা প্রতিষ্ঠানগুলির স্বদেশী পণ্যের উপর মনোযোগ দেওয়া উচিত, কারণ এটি কেবল ভারতের প্রবৃদ্ধিতে সহায়তা করবে না বরং দেশের আর্থিক নিরাপত্তাকেও শক্তিশালী করবে। আজ নতুনদিল্লিতে ৫৬তম EEPC ইন্ডিয়া

জাতীয় পুরস্কার অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে শ্রী গোয়েল বলেন যে বিশ্বব্যাপী পরিস্থিতিতে যতই চ্যালেঞ্জ আসুক না কেন, ভারত একটি জাতি হিসেবে ঐক্যবদ্ধ রয়েছে।

মন্ত্রী আরও স্মরণ করেন যে ১৫ই আগস্ট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্বদেশী পণ্যের জন্য এক স্পষ্ট আহ্বান জানিয়েছিলেন। তিনি উদ্ভাবনের গুরুত্বের উপর জোর দিয়েছিলেন। শ্রী গোয়েল বলেন যে দেশের ১.৪ বিলিয়ন মানুষ, ব্যবসা এবং বাণিজ্যের উচিত ভারতে তৈরি পণ্যের উপর মনোনিবেশ করা। তিনি আরও উল্লেখ করেন যে দেশের শক্তি বাণিজ্য এবং এমএসএমই ক্ষেত্রের উপর নির্ভর করে, যা দেশের ব্যবসার মেরুদণ্ড। মন্ত্রী বলেন যে জিএসটি হার হ্রাস এবং সরলীকরণের মাধ্যমে, প্রধানমন্ত্রী মোদী অভ্যন্তরীণ চাহিদা বৃদ্ধি করেছেন।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৮.৪ মিলিমিটার।

\*\*\*\*\*